

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৫১৪

৪/ জুমু'আ (كِتَابُ الْجُمُعَةِ عَنْ رَسُولِ اللَّهِ ﷺ)

পরিচ্ছেদঃ ইমামের খুতবা প্রদানের সময় ইহতিবা (দুই হাটু খাড়া করে নিতম্বের উপর বসে হাত দিয়ে বা কোন কাপড় দিয়ে হাটুদ্বয় বেঁটন করে বসা) পছন্দনীয় নয়

بَابُ مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْإِحْتِبَاءِ وَالْإِمَامِ يَخْطُبُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدٍ الرَّازِيُّ، وَعَبَّاسُ بْنُ مُحَمَّدٍ الدُّورِيُّ، قَالَا حَدَّثَنَا أَبُو عَبْدِ الرَّحْمَنِ الْمُقَرِّيُّ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي أَيُّوبَ، حَدَّثَنِي أَبُو مَرْحُومٍ، عَنْ سَهْلِ بْنِ مُعَاذٍ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنِ الْحَبْوَةِ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ . وَأَبُو مَرْحُومٍ اسْمُهُ عَبْدُ الرَّحِيمِ بْنُ مَيْمُونٍ . وَقَدْ كَرِهَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ الْحَبْوَةَ يَوْمَ الْجُمُعَةِ وَالْإِمَامُ يَخْطُبُ وَرَخَّصَ فِي ذَلِكَ بَعْضُهُمْ مِنْهُمْ عَبْدُ اللَّهِ بْنُ عُمرَ وَغَيْرُهُ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ لَا يَرَيَانِ بِالْحَبْوَةِ وَالْإِمَامُ يَخْطُبُ بَأْسًا .

বাংলা

৫১৪. মুহাম্মাদ ইবনু হুমায়দ আর-রাযী ও আব্বাস ইবনু মুহাম্মাদ আদ-দাওরী (রহঃ) মু'আয রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, ইমামের খুতবা প্রদানের সময় (মুসল্লিদের) ইহতিবা অবস্থায় বসতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। - মিশকাত ১২৯৩, সহিহ আবু দাউদ ১০১৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৫১৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান। রাবী আবু মারহূমের নাম হ'ল আবদুর রহীম ইবনু মায়মূনা। আলিমগণের এক জামা'আত জুমুআর দিন ইমামের খুতবা প্রদানের সময় ইহতিবা আকারে বসা পছন্দনীয় নয় বলে মত ব্যক্ত করেছেন। তবে কেউ কেউ যেমন আবদুল্লাহ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু প্রমুখ এই বিষয়ে অনুমতি দিয়েছেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত এ-ই। তারা ইমামের খুতবার সময় ইহতিবা আকারে বসায় অসুবিধা আছে বলে মনে করেন না।

English

Sahl bin Ma'adh narrated from his father:

"The Prophet prohibited Al-Habwah on Friday while the Imam is delivering the Khutbah."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মু'আয ইবনু আনাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17703>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন